তথ্য অধিকার আইন, ২০০৯ একটি দীর্ঘ প্রক্রিয়ার ফসল। রাষ্ট্রের গণতান্ত্রিক ব্যবস্থাকে সুসংহত করার লক্ষ্যে জনগণের তথ্য প্রাপ্তির নিশ্চয়তা বিধান অত্যন্ত গুরুত্বপূর্ণ। ১৯৮৩ সালে তথ্য অধিকার আইনের পক্ষে প্রেস কমিশনের সুপারিশ ও ২০০২ সালে আইন কমিশনের কার্যপত্রের সূত্র ধরে বাংলাদেশে সিভিল সোসাইটির পক্ষ থেকে তথ্য অধিকার আইনের দাবী জোরদার হতে থাকে।

বিভিন্ন বেসরকারী সংস্থা, রাজনীতিবিদ, শিক্ষাবিদ, আইনজীবী, সুশীল সমাজ, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া প্রভৃতি এ ব্যাপারে অগ্রণী ভূমিকা পালন করে। এরই ধারাবাহিকতায় আইন কমিশন বিভিন্ন দেশের আইন পর্যালোচনা করে ২০০৩ সালে তথ্য অধিকার আইনের একটি খসড়া সরকারের নিকট পেশ করে। তারপর আর এটি নিয়ে উল্লেখযোগ্য কোন অগ্রগতি পরিলক্ষিত হয়নি। বিগত তত্ত্বাবধায়ক সরকার তথ্য অধিকার আইনের খসড়া প্রণয়নের লক্ষ্যে ৬ জানুয়ারী, ২০০৮ তারিখে একটি কমিটি গঠন করে। কমিটি আইন কমিশনের খসড়া এবং বিশ্বের বিভিন্ন দেশের বিদ্যমান তথ্য অধিকার আইনসমূহ পর্যালোচনা করে আইনের একটি খসড়া প্রণয়ন করে। দেশ-বিদেশের বিভিন্ন সংস্থার কাছ থেকে মতামত নিয়ে সচিব কমিটি এবং উপদেষ্টা পরিষদ কিছু সুপারিশ করে। এসব সুপারিশের ভিত্তিতে খসড়াটি চূড়ান্ত করা হয়।

সকল আনুষ্ঠানিকতা শেষে গত ২০ অক্টোবর, ২০০৮ তারিখে ‘তথ্য অধিকার অধ্যাদেশ, ২০০৮’ জারি করা হয়। দিন বদলের অঙ্গীকার নিয়ে দায়িত্ব নেয়ার পর পরই বর্তমান মহাজোট সরকার ‘তথ্য অধিকার অধ্যাদেশ, ২০০৮’ কে আইনে পরিণত করার উদ্যোগ নেয় এবং ৯ম জাতীয় সংসদের ১ম অধিবেশনে যে কয়টি অধ্যাদেশ আইনে পরিণত হয় তার মধ্যে ‘তথ্য অধিকার আইন, ২০০৯’ অন্যতম।

তথ্য অর্থ কি?

সাধারণভাবে বলতে গেলে যে কোন ধরনের রেকর্ডই তথ্য শব্দটির অন্তর্ভুক্ত। তথ্য অধিকার আইনে তথ্য বলতে কোন কর্তৃপক্ষের গঠন, কাঠামো ও দাপ্তরিক কর্মকান্ড সংক্রান্ত যে কোন স্মারক, বই, নকশা, মানচিত্র, চুক্তি, তথ্য-উপাত্ত, লগ বই, আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনা, পত্র, প্রতিবেদন, হিসাব বিবরণী, প্রকল্প প্রস্তাব, আলোকচিত্র, অডিও, ভিডিও, অঙ্কিতচিত্র, ফিল্ম, ইলেকট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুতকৃত যে কোন ইনস্ট্রুমেন্ট, যান্ত্রিকভাবে পাঠযোগ্য দলিলাদি এবং ভৌতিক গঠন ও বৈশিষ্ট্য নির্বিশেষে অন্য যে কোন তথ্যবহ বস্তু বা এদের প্রতিলিপি অন্তর্ভুক্ত হবেঃ

তবে শর্ত থাকে যে, দাপ্তরিক নোট সিট বা নোট সিটের প্রতিলিপি এর অন্তর্ভুক্ত হবে না (ধারা-২-এর চ)।

“কর্তৃপক্ষ” অর্থ কি?

কর্তৃপক্ষ অর্থ-(অ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান অনুযায়ী সৃষ্ট কোন সংস্থা (আ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৫৫(৬) অনুচ্ছেদের অধীন প্রণীত কার্য বিধিমালার অধীন গঠিত সরকারের কোন মন্ত্রণালয়, বিভাগ বা কার্যালয় (ই) কোন আইন দ্বারা বা তার অধীন গঠিত কোন সংবিধিবদ্ধ সংস্থা বা প্রতিষ্ঠান (ঈ) সরকারী অর্থায়নে পরিচালিত বা সরকারী তহবিল হতে সাহায্যপুষ্ট কোন বেসরকারী সংস্থা বা প্রতিষ্ঠান (উ) বিদেশী সাহায্যপুষ্ট কোন বেসরকারী সংস্থা বা প্রতিষ্ঠান (ঊ) সরকারের পক্ষে অথবা সরকার বা সরকারী কোন সংস্থা বা প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তি মোতাবেক সরকারী কার্যক্রম পরিচালনার দায়িত্বপ্রাপ্ত কোন বেসরকারী সংস্থা বা প্রতিষ্ঠান বা (খ) সরকার কর্তৃক, সময় সময়, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা নির্ধারিত অন্য কোন সংস্থা বা প্রতিষ্ঠান (ধারা-২এর খ)।

“তথ্য প্রদান ইউনিট” বলতে কি বুঝায়?

সরকারের কোন মন্ত্রণালয়, বিভাগ বা কার্যালয়ের সাথে সংযুক্ত বা অধীনস্থ কোন অধিদপ্তর, পরিদপ্তর বা দপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয়, আঞ্চলিক কার্যালয়, জেলা কার্যালয় বা উপজেলা কার্যালয় এবং অন্যান্য কর্তৃপক্ষের প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয়, আঞ্চলিক কার্যালয়, জেলা কার্যালয় বা উপজেলা কার্যালয় প্রভৃতিকে বুঝায় (ধারা-২ এর ঘ)।

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বলতে কি বুঝায়?

এই আইনের বিধান অনুযায়ী প্রত্যেক কর্তৃপক্ষ তথ্য সরবরাহের নিমিত্ত প্রতিটি তথ্য প্রদান ইউনিটের জন্য একজন করে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এই আইন জারীর ৬০ দিনের মধ্যে নিয়োগ করবে। প্রত্যেক কর্তৃপক্ষ নিয়োগকৃত প্রত্যেক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, ঠিকানা এবং, প্রযোজ্য ক্ষেত্রে, ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানা নিয়োগ প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে তথ্য কমিশনকে লিখিতভাবে অবহিত করবে। এই আইনের অধীন দায়িত্ব পালনের প্রয়োজনে কোন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অন্য যে কোন কর্মকর্তার সহায়তা চাইতে পারবেন এবং কোন কর্মকর্তার নিকট হতে সহায়তা চাওয়া হলে তিনি উক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে বাধ্য থাকবেন। আইনের অধীন দায়-দায়িত্ব নির্ধারণের ক্ষেত্রে উক্ত অন্য কর্মকর্তাও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বলে গণ্য হবেন (ধারা-১০)।

আপীল কর্তৃপক্ষ” কারা?

কোন তথ্য প্রদান ইউনিটের ক্ষেত্রে উক্ত ইউনিটের অব্যবহিত ঊর্ধ্বতন কার্যালয়ের প্রশাসনিক প্রধান অথবা কোন তথ্য প্রদান ইউনিটের ঊর্ধ্বতন কার্যালয় না থাকলে, উক্ত তথ্য প্রদান ইউনিটের প্রশাসনিক প্রধান (ধারা-২এর ক)।

তথ্য প্রাপ্তির অনুরোধ/আবেদন কিভাবে করা যাবে অথবা তথ্য প্রাপ্তির অনুরোধের নিয়মাবলী কি?

কোন ব্যক্তি এই আইনের অধীন তথ্য প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট তথ্য চেয়ে লিখিতভাবে বা ইলেকট্রনিক মাধ্যম বা ই-মেইলে অনুরোধ করতে পারবেন। অনুরোধে নিম্নলিখিত বিষয়সমূহের উল্লেখ থাকতে হবে, যথা : অনুরোধকারীর নাম, ঠিকানা, প্রযোজ্য ক্ষেত্রে, ফ্যাক্স নম্বর এবং ই-মেইল ঠিকানা; যে তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে তার নির্ভুল এবং স্পষ্ট বর্ণনা; অনুরোধকৃত তথ্যের অবস্থান নির্ণয়ের সুবিধার্থে অন্যান্য প্রয়োজনীয় প্রাসঙ্গিক তথ্যাবলী এবং কোন পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী তার বর্ণনা অর্থাৎ পরিদর্শন করা, অনুলিপি নেওয়া, নোট নেওয়া বা অন্য কোন অনুমোদিত পদ্ধতি।

তথ্য প্রাপ্তির অনুরোধ কর্তৃপক্ষ কর্তৃক মুদ্রিত ফরমে বা নির্ধারিত ফরমে হতে হবে। ইলেকট্রনিক মিডিয়া বা ই-মেইলেও তথ্য প্রাপ্তির জন্য অনুরোধ করা যাবে। তথ্য প্রাপ্তির ক্ষেত্রে অনুরোধকারীকে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক উক্ত তথ্যের জন্য নির্ধারিত যুক্তিসংগত মূল্য পরিশোধ করতে হবে। সরকার কোন ব্যক্তি বা ব্যক্তি-শ্রেণীর কিংবা যে কোন শ্রেণীর তথ্যকে মূল্য প্রদান হতে অব্যাহতি প্রদান করতে পারবে। প্রত্যেক কর্তৃপক্ষ, তথ্য কমিশনের নির্দেশনা অনুসরণে, বিনামূল্যে যে সকল তথ্য সরবরাহ করা হবে তার একটি তালিকা প্রস্তুত করে প্রকাশ ও প্রচার করবে (ধারা-৮)।

তথ্য প্রদানের সময়সীমা কত দিন?

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধ প্রাপ্তির তারিখ হতে অনধিক ২০ (বিশ) কার্য দিবসের মধ্যে অনুরোধকৃত তথ্য সরবরাহ করবেন। অনুরোধকৃত তথ্যের সাথে একাধিক তথ্য প্রদান ইউনিট বা কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা থাকলে অনধিক ৩০ (ত্রিশ)

কার্য দিবসের মধ্যে অনুরোধকৃত তথ্য সরবরাহ করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন কারণে তথ্য প্রদানে অপারগ হলে অপারগতার কারণ উল্লেখ করে আবেদন প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে তিনি অনুরোধকারীকে অবহিত করবেন। অনুরোধকৃত তথ্য কোন ব্যক্তির জীবন-মৃত্যু, শ্রেফতার এবং কারাগার হতে মুক্তি সম্পর্কিত হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধ প্রাপ্তির অনধিক ২৪ (চব্বিশ) ঘণ্টার মধ্যে উক্ত বিষয়ে প্রাথমিক তথ্য সরবরাহ করবেন। (ধারা-৯)।

কর্তৃপক্ষ কি কি পদ্ধতিতে তথ্য সংরক্ষণ ও প্রকাশ করবে?

ক) তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা : এই আইনের অধীন তথ্য অধিকার নিশ্চিত করবার লক্ষ্যে প্রত্যেক কর্তৃপক্ষ তার দ্বিতীয় তথ্যের ক্যাটালগ এবং ইনডেক্স প্রস্তুত করে যথাযথভাবে সংরক্ষণ করবে। প্রত্যেক কর্তৃপক্ষ যে সকল তথ্য কম্পিউটারে সংরক্ষণের উপযুক্ত বলে মনে করবে সেই সকল তথ্য যুক্তিসংগত সময়সীমার মধ্যে কম্পিউটারে সংরক্ষণ করবে এবং তথ্য লাভের সুবিধার্থে সমগ্র দেশে নেটওয়ার্কের মাধ্যমে তার সংযোগ স্থাপন করবে। তথ্য কমিশন কর্তৃপক্ষ কর্তৃক তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনার জন্য অনুসরণীয় নির্দেশনা প্রদান করবে এবং সকল কর্তৃপক্ষ তা অনুসরণ করবে (ধারা-৫)। তথ্য কমিশন ইতোমধ্যে তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা সংক্রান্ত প্রবিধানমালা তৈরী করেছে যা সরকারের অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

খ) তথ্য প্রকাশ ও প্রাপ্তি : প্রত্যেক কর্তৃপক্ষ তার গৃহীত সিদ্ধান্ত, কার্যক্রম কিংবা সম্পাদিত বা প্রস্তুতকৃত কর্মকাণ্ডের সকল তথ্য নাগরিকগণের নিকট সহজলভ্য হয়, তা সূচিবদ্ধ করে প্রকাশ ও প্রচার করবে এবং প্রতিবছর একটি প্রতিবেদন প্রকাশ করবে যাতে নিম্নলিখিত তথ্যসমূহ অন্তর্ভুক্ত থাকবে, যথা : (ক) কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামোর বিবরণ, কার্যক্রম, কর্মকর্তা-কর্মচারীগণের দায়িত্ব এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার বিবরণ বা পদ্ধতি (খ) কর্তৃপক্ষের সকল নিয়ম-কানুন, আইন, অধ্যাদেশ, বিধিমালা, প্রবিধানমালা, প্রজ্ঞাপন, নির্দেশনা, ম্যানুয়াল, ইত্যাদির তালিকাসহ রক্ষিত তথ্যসমূহের শ্রেণীবিন্যাস (গ) কর্তৃপক্ষের নিকট হতে কোন ব্যক্তি যে সকল শর্তে লাইসেন্স, পারমিট, অনুদান, বরাদ্দ, সম্মতি, অনুমোদন বা অন্য কোন প্রকার সুবিধা গ্রহণ করতে পারবেন তার বিবরণ এবং উক্তরূপ শর্তের কারণে তার সাথে কোন প্রকার লেনদেন বা চুক্তি সম্পাদনের প্রয়োজন হলে সে সকল শর্তের বিবরণ (ঘ) নাগরিকদের তথ্য অধিকার নিশ্চিত করবার জন্য প্রদত্ত সুবিধাদির বিবরণ এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, ঠিকানা, ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানা, ইত্যাদি।

কর্তৃপক্ষ গুরুত্বপূর্ণ কোন নীতি প্রণয়ন বা সিদ্ধান্ত গ্রহণ করলে ঐ সকল নীতি ও সিদ্ধান্ত প্রকাশ করবে এবং প্রয়োজনে, ঐ সকল নীতি ও সিদ্ধান্ত গ্রহণের সমর্থনে যুক্তি ও কারণ ব্যাখ্যা করবে। কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত প্রতিবেদন বিনামূল্যে সর্বসাধারণের পরিদর্শনের জন্য সহজলভ্য করতে হবে এবং তার কপি নামমাত্র মূল্যে বিক্রয়ের জন্য মজুদ রাখতে হবে। কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত সকল প্রকাশনা জনগণের নিকট উপযুক্ত মূল্যে সহজলভ্য করতে হবে এবং জনগুরুত্বপূর্ণ বিষয়াদি প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে অথবা অন্য কোন পন্থায় প্রচার বা প্রকাশ করবে। তথ্য কমিশন কর্তৃপক্ষ কর্তৃক তথ্য প্রকাশ, প্রচার ও প্রাপ্তির জন্য অনুসরণীয় নির্দেশনা প্রদান করবে এবং সকল কর্তৃপক্ষ তা অনুসরণ করবে (ধারা-৬)। তথ্য কমিশন ইতোমধ্যে এতদসংশ্লিষ্ট প্রবিধানমালা তৈরী করেছে যা সরকারের অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

কোন কোন তথ্য কর্তৃপক্ষ প্রকাশ বা প্রদান করতে বাধ্য নয় ?

কোন কর্তৃপক্ষ নাগরিককে নিম্নলিখিত তথ্যসমূহ প্রদান করতে বাধ্য থাকবে না, যথাঃ (ক) কোন তথ্য প্রকাশের ফলে বাংলাদেশের নিরাপত্তা, অখণ্ডতা ও সার্বভৌমত্বের প্রতি হুমকি হতে পারে (খ) পররাষ্ট্রনীতির কোন বিষয় যার দ্বারা বিদেশী রাষ্ট্রের অথবা আন্তর্জাতিক কোন সংস্থা বা আঞ্চলিক কোন জোট বা সংগঠনের সাথে বিদ্যমান সম্পর্ক ক্ষুণ্ণ হতে পারে (গ) কোন বিদেশী সরকারের নিকট হতে প্রাপ্ত কোন গোপনীয় তথ্য (ঘ) কোন তথ্য প্রকাশের ফলে কোন তৃতীয় পক্ষের বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্ত হতে পারে এইরূপ বাণিজ্যিক বা ব্যবসায়িক অন্তর্নিহিত গোপনীয়তা বিষয়ক, কপিরাইট বা বুদ্ধিবৃত্তিক সম্পদ (Intellectual Property Right) (ঙ) কোন তথ্য প্রকাশের ফলে কোন বিশেষ ব্যক্তি বা সংস্থাকে লাভবান বা ক্ষতিগ্রস্ত করতে পারে, যথাঃ (অ) আয়কর, শুল্ক, ভ্যাট ও আবগারী আইন, বাজেট বা করহার পরিবর্তন সংক্রান্ত (আ) মুদ্রার বিনিময় ও সুদের হার পরিবর্তনজনিত (ই) ব্যাংকসহ আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালনা ও তদারকি সংক্রান্ত, (চ) কোন তথ্য প্রকাশের ফলে প্রচলিত আইনের প্রয়োগ বাধাগ্রস্ত হতে পারে বা অপরাধ বৃদ্ধি পেতে পারে (ছ) কোন তথ্য প্রকাশের ফলে জনগণের নিরাপত্তা বিঘ্নিত হতে পারে বা বিচারাধীন মামলার সুষ্ঠু বিচার কার্য ব্যাহত হতে পারে (জ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ণ হতে পারে (ঝ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির জীবন বা শারীরিক নিরাপত্তা বিপদাপন্ন হতে

পারে (এ) আইন প্রয়োগকারী সংস্থার সহায়তার জন্য কোন ব্যক্তি কর্তৃক গোপনে প্রদত্ত কোন তথ্য (ট) আদালতে বিচারাধীন কোন বিষয় এবং যা প্রকাশে আদালত বা ট্রাইব্যুনালের নিষেধাজ্ঞা রয়েছে অথবা যার প্রকাশ আদালত অবমাননার শামিল (ঠ) তদন্তাধীন কোন বিষয় যার প্রকাশ তদন্তকাজে বিঘ্ন ঘটতে পারে (ড) কোন অপরাধের তদন্ত প্রক্রিয়া এবং অপরাধীর গ্রেফতার ও শাস্তিকে প্রভাবিত করতে পারে (ঢ) আইন অনুসারে কেবল একটি নির্দিষ্ট সময়ের জন্য প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে (ণ) কৌশলগত ও বাণিজ্যিক কারণে গোপন রাখা বাঞ্ছনীয় এইরূপ কারিগরী বা বৈজ্ঞানিক গবেষণালব্ধ (ত) কোন ক্রয় কার্যক্রম সম্পূর্ণ হবার পূর্বে বা উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা তার কার্যক্রম সংক্রান্ত (থ) জাতীয় সংসদের বিশেষ অধিকার হানির কারণ হতে পারে (দ) আইন দ্বারা সংরক্ষিত কোন ব্যক্তির গোপনীয় তথ্য (ধ) পরীক্ষার প্রশ্নপত্র বা পরীক্ষায় প্রদত্ত নম্বর সম্পর্কিত আগাম তথ্য (ন) মন্ত্রিপরিষদ বা ক্ষেত্রমত, উপদেষ্টা পরিষদের বৈঠকে উপস্থাপনীয় সার-সংক্ষেপসহ আনুষঙ্গিক দলিলাদি এবং উক্তরূপ বৈঠকের আলোচনা ও সিদ্ধান্ত সংক্রান্ত কোন তথ্য (ধারা-৭)।

তবে মন্ত্রিপরিষদ বা উপদেষ্টা পরিষদ কর্তৃক কোন সিদ্ধান্ত গৃহীত হবার পর অনুরূপ সিদ্ধান্তের কারণ এবং যেসকল বিষয়ের উপর ভিত্তি করে সিদ্ধান্তটি গৃহীত হয়েছে তা প্রকাশ করা যাবে। এই ধারার অধীন তথ্যপ্রদান স্থগিত রাখবার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তথ্য কমিশনের পূর্বনুমোদন গ্রহণ করতে হবে (ধারা-৭ এর শর্ত)।

তথ্য কমিশনের ক্ষমতা কতটুকু ?

কোন ব্যক্তি নিম্নলিখিত কারণে কোন অভিযোগ দায়ের করলে তথ্য কমিশন, এই আইনের বিধানাবলী সাপেক্ষে, উক্ত অভিযোগ গ্রহণ, তার অনুসন্ধান এবং নিষ্পত্তি করতে পারবে, যথা : (ক) কোন কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ না করা কিংবা তথ্যের জন্য অনুরোধপত্র গ্রহণ না করা (খ) কোন তথ্য চাহিদা প্রত্যাখ্যাত হলে (গ) তথ্যের জন্য অনুরোধ করে, উল্লিখিত নির্ধারিত সময়সীমার মধ্যে, কর্তৃপক্ষের নিকট হতে কোন জবাব বা তথ্য প্রাপ্ত না হলে (ঘ) কোন তথ্যের এমন অংকের মূল্য দাবী করা হলে, বা প্রদানে বাধ্য করা হলে, যা তার বিবেচনায় যৌক্তিক নয় (ঙ) অনুরোধের প্রেক্ষিতে অসম্পূর্ণ তথ্য প্রদান করা হলে বা যে তথ্য প্রদান করা হয়েছে তা ভ্রান্ত ও বিভ্রান্তিকর বলে মনে হলে (চ) তথ্যের জন্য অনুরোধ জ্ঞাপন বা তথ্য প্রাপ্তি সম্পর্কিত অন্য যে কোন বিষয় (ধারা-১৩)।

তথ্য কমিশন স্ব-প্রণোদিত হয়ে অথবা কোন অভিযোগের ভিত্তিতে এই আইনের অধীন উত্থাপিত অভিযোগ সম্পর্কে অনুসন্ধান করতে পারবে। Code of Civil Procedure, ১৯০৮ (Act V of 1908) এর অধীন একটি দেওয়ানি আদালত যে ক্ষমতা প্রয়োগ করতে পারবে তথ্য কমিশন বা প্রধান তথ্য কমিশনার বা তথ্য কমিশনারও এই ধারার অধীন সেইরূপ ক্ষমতা প্রয়োগ করতে পারবেন, যথা : (ক) কোন ব্যক্তিকে তথ্য কমিশনে হাজির করবার জন্য সমন জারী করা এবং শপথপূর্বক মৌখিক বা লিখিত প্রমাণ, দলিল বা অন্য কোন কিছু হাজির করতে বাধ্য করা (খ) তথ্য যাচাই ও পরিদর্শন করা (গ) হলফনামাসহ প্রমাণ গ্রহণ করা (ঘ) কোন অফিসের কোন তথ্য আনয়ন করা (ঙ) কোন সাক্ষী বা দলিল তলব করে সমন জারী করা এবং (চ) এই আইনের অধীন কোন অভিযোগ অনুসন্ধানকালে তথ্য কমিশন বা প্রধান তথ্য কমিশনার বা তথ্য কমিশনার কোন কর্তৃপক্ষের নিকট রক্ষিত অভিযোগ সংশ্লিষ্ট যে কোন তথ্য সরেজমিনে পরীক্ষা করতে পারবেন (ধারা-১৩)।

তথ্য কমিশনের কার্যাবলী কি কি ?

তথ্য কমিশনের কার্যাবলী হবে যথাক্রমে : (ক) কর্তৃপক্ষ কর্তৃক তথ্য সংরক্ষণ, ব্যবস্থাপনা, প্রকাশ, প্রচার ও প্রাপ্তি বিষয়ে নির্দেশনা প্রদান (খ) কর্তৃপক্ষের নিকট হতে তথ্য প্রাপ্তির লক্ষ্যে অনুরোধের পদ্ধতি নির্ধারণ ও তথ্যের উপস্থাপন মূল্য নির্ধারণ (গ) নাগরিকদের তথ্য অধিকার সংরক্ষণ ও বাস্তবায়নের বিষয়ে নীতিমালা এবং নির্দেশনা প্রণয়ন ও প্রকাশ (ঘ) তথ্য অধিকার সংরক্ষণের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান বা আপাততঃ বলবৎ অন্য কোন আইনের অধীন স্বীকৃত ব্যবস্থাদি পর্যালোচনা করা এবং কার্যকর বাস্তবায়নের জন্য অসুবিধাসমূহ চিহ্নিত করে তা দূরীকরণার্থে সরকারের নিকট সুপারিশ প্রদান (ঙ) নাগরিকদের তথ্য অধিকার সংরক্ষণ ও বাস্তবায়নের বিষয়ে বাধাসমূহ চিহ্নিত করা এবং যথাযথ প্রতিকারের জন্য সরকারের নিকট সুপারিশ প্রদান (চ) তথ্য অধিকার বিষয়ক চুক্তিসহ অন্যান্য আন্তর্জাতিক দলিলাদির উপর গবেষণা করা এবং তা বাস্তবায়নের জন্য সরকারের নিকট সুপারিশ প্রদান (ছ) নাগরিকদের তথ্য অধিকার সংরক্ষণ ও বাস্তবায়নের বিষয়ে তথ্য অধিকার সম্পর্কিত বিভিন্ন আন্তর্জাতিক দলিলের সাথে বিদ্যমান আইনের সাদৃশ্য পরীক্ষা করা এবং বৈসাদৃশ্য পরিলক্ষিত হওয়ার ক্ষেত্রে তা দূরীকরণার্থে সরকার বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রয়োজনীয় সুপারিশ প্রদান (জ) তথ্য অধিকার বিষয়ে আন্তর্জাতিক দলিল অনুসমর্থন বা তাতে স্বাক্ষর প্রদানে সরকারকে পরামর্শ প্রদান (ঝ) তথ্য অধিকার সংরক্ষণ ও বাস্তবায়নের বিষয়ে

গবেষণা করা এবং শিক্ষা ও পেশাগত প্রতিষ্ঠানকে উক্তরূপ গবেষণা পরিচালনায় সহায়তা প্রদান (এ৪) সমাজের বিভিন্ন শ্রেণীর নাগরিকদের মধ্যে তথ্য অধিকার সংরক্ষণ ও বাস্তবায়নের বিষয়ে প্রচার এবং প্রকাশনা ও অন্যান্য উপায়ে তথ্য অধিকার বিষয়ে সচেতনতা বৃদ্ধিকরণ (ট) তথ্য অধিকার সংরক্ষণ ও বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় আইন ও প্রশাসনিক নির্দেশনা প্রণয়নের ব্যাপারে সরকারকে পরামর্শ ও সহযোগিতা প্রদান (ঠ) তথ্য অধিকার সংরক্ষণ ও বাস্তবায়নের লক্ষ্যে কর্মরত সংগঠন বা প্রতিষ্ঠান এবং নাগরিক সমাজকে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান (ড) তথ্য অধিকার বিষয়ে গবেষণা, সেমিনার, সিম্পোজিয়াম বা ওয়ার্কশপের আয়োজন এবং অনুরূপ ব্যবস্থার মাধ্যমে গণসচেতনতা বৃদ্ধি করা এবং গবেষণালব্ধ ফলাফল প্রচার (ঢ) তথ্য অধিকার নিশ্চিতকরণের লক্ষ্যে কর্তৃপক্ষকে করিগরী ও অন্যান্য সহায়তা প্রদান (ণ) তথ্য অধিকার নিশ্চিতকরণের লক্ষ্যে বাংলাদেশের জন্য একটি ওয়েব পোর্টাল স্থাপন এবং (ত) তথ্য অধিকার সংরক্ষণ ও বাস্তবায়নের বিষয়ে অন্য কোন আইনে গৃহীত ব্যবস্থাদি পর্যালোচনা করা (ধারা-১৩)।

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারিত সময়ে তথ্য প্রদানে ব্যর্থ হলে কার নিকট, কিভাবে আপীল করবে?

কোন ব্যক্তি নির্ধারিত সময়সীমার মধ্যে তথ্য লাভে ব্যর্থ হলে কিংবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কোন সিদ্ধান্তে সংক্ষুব্ধ হলে উক্ত সময়সীমা অতিক্রান্ত হবার বা সিদ্ধান্ত লাভ করবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আপীল কর্তৃপক্ষের নিকট আপীল করতে পারবেন। আপীল কর্তৃপক্ষ যদি সন্তুষ্ট হন যে, আপীলকারী যুক্তিসংগত কারণে নির্দিষ্ট সময়সীমার মধ্যে আপীল দায়ের করতে পারেন নাই, তা হলে তিনি উক্ত সময়সীমা অতিবাহিত হওয়ার পরও আপীল আবেদন গ্রহণ করতে পারবেন। আপীল কর্তৃপক্ষ আপীল আবেদন প্রাপ্তির পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে আপীল আবেদনকারীকে অনুরোধকৃত তথ্য সরবরাহের জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশ প্রদান করবেন অথবা তদবিবেচনায় গ্রহণযোগ্য না হলে আপীল আবেদনটি খারিজ করে দিবেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উক্তরূপ নির্দেশ প্রাপ্তির তারিখ হতে নির্ধারিত সময়সীমার মধ্যে আপীল আবেদনকারীকে অনুরোধকৃত তথ্য সরবরাহ করবেন (ধারা-২৪)।

কখন তথ্য কমিশনের নিকট অভিযোগ দায়ের করা যাবে?

তথ্যের জন্য অনুরোধপত্র গ্রহণ না করা, তথ্য চাহিদা প্রত্যাখ্যাত হলে, নির্ধারিত সময়সীমার মধ্যে কর্তৃপক্ষের নিকট হতে কোন জবাব বা তথ্য প্রাপ্ত না হলে, তথ্যের এমন অংশের মূল্য দাবী করা হলে বা প্রদানে বাধ্য করা হলে, যা তার বিবেচনায় যৌক্তিক নয়, অসম্পূর্ণ তথ্য প্রদান করা যা ভ্রান্ত ও বিভ্রান্তিকর বলে মনে হলে, আপীলের সিদ্ধান্তে সংক্ষুব্ধ হলে, তথ্য প্রদান সংক্রান্ত সিদ্ধান্ত প্রাপ্ত না হলে কোন ব্যক্তি সিদ্ধান্ত প্রদানের তারিখ বা সময়সীমা অতিক্রান্ত হবার তারিখ হতে পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারবেন (ধারা-২৫)।

তথ্য কমিশন কিভাবে এবং কতদিনের মধ্যে অভিযোগ নিষ্পত্তি করতে পারবে ?

অভিযোগ প্রাপ্তির পর কোন কার্যক্রম গ্রহণের প্রয়োজন হলে প্রধান তথ্য কমিশনার উক্ত অভিযোগটি স্বয়ং অনুসন্ধান করবেন অথবা অনুসন্ধানের জন্য অন্য কোন তথ্য কমিশনারকে দায়িত্ব প্রদান করবেন। দায়িত্ব গ্রহণ বা প্রাপ্তির ৩০(ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট অভিযোগের অনুসন্ধান সম্পন্ন করে প্রধান তথ্য কমিশনার বা তথ্য কমিশনার তথ্য কমিশনের জন্য একটি সিদ্ধান্ত কার্যপত্র প্রস্তুত করবেন। সিদ্ধান্ত কার্যপত্র তথ্য কমিশনের পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে এবং তথ্য কমিশন এর সভায় আলোচনাক্রমে এই বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে। কোন অভিযোগের অনুসন্ধানকালে যে কর্তৃপক্ষ বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সিদ্ধান্তের বিরুদ্ধে অভিযোগ দায়ের করা হয় সেই কর্তৃপক্ষ বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে, তার সিদ্ধান্তের স্বপক্ষে যুক্তি উপস্থাপনের সুযোগ প্রদান করতে হবে। কোন অভিযোগের বিষয়বস্তুর সাথে তৃতীয় পক্ষ জড়িত থাকলে তথ্য কমিশন উক্ত তৃতীয় পক্ষকেও বক্তব্য পেশ করবার সুযোগ প্রদান করবে। প্রাপ্ত অভিযোগ তথ্য কমিশন সাধারণভাবে ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে নিষ্পত্তি করবে। তবে অভিযোগ নিষ্পত্তির সময়সীমা কোনক্রমেই সর্বমোট ৭৫ (পঁচাত্তর) দিনের অধিক হবে না (ধারা-২৫)।

অভিযোগ প্রমাণিত হলে তথ্য কমিশনের করণীয় কি ?

কোন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন যুক্তিগ্রাহ্য কারণ ছাড়াই তথ্য প্রাপ্তির কোন অনুরোধ বা আপীল গ্রহণ করতে অস্বীকার করেছেন, নির্ধারিত সময়সীমার মধ্যে অনুরোধকারীকে তথ্য প্রদান করতে কিংবা এই বিষয়ে সিদ্ধান্ত প্রদান করতে ব্যর্থ হয়েছেন, অসদুদ্দেশ্যে তথ্য প্রাপ্তির কোন অনুরোধ বা আপীল প্রত্যাখ্যান করেছেন, যে তথ্য প্রাপ্তির অনুরোধ করা হয়েছিল তা প্রদান না করে ভুল, অসম্পূর্ণ, বিভ্রান্তিকর বা বিকৃত তথ্য প্রদান করেছেন, কোন তথ্য প্রাপ্তির পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করেছেন তা হলে তথ্য কমিশন, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার উক্তরূপ কার্যের তারিখ হতে তথ্য

সরবরাহের তারিখ পর্যন্ত প্রতি দিনের জন্য সর্বনিম্ন ৫০(পঞ্চাশ) টাকা হারে জরিমানা আরোপ করতে পারবে এবং জরিমানার মোট পরিমাণ কোনক্রমেই ৫০০০(পাঁচ হাজার) টাকার অধিক হবে না। নাগরিকের তথ্য প্রাপ্তিতে কোন কর্মকর্তা বিঘ্ন সৃষ্টি করেছেন প্রমাণিত হলে তথ্য কমিশন জরিমানা ছাড়াও সংশ্লিষ্ট কর্মকর্তার এমন কার্যকে অসদাচরণ গণ্য করে তার বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক কার্যক্রম গ্রহণ করবার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে সুপারিশ করতে পারবে এবং এই বিষয়ে গৃহীত সর্বশেষ ব্যবস্থা তথ্য কমিশনকে অবহিত করবার জন্য উক্ত কর্তৃপক্ষকে অনুরোধ করতে পারবে (ধারা-২৭)।

জরিমানা কিভাবে বা কোন পদ্ধতিতে আদায় করা হবে?

কোন জরিমানা বা ক্ষতিপূরণ পরিশোধ না হলে তা সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট হতে Public Demands Recovery Act, 1913 (Act IX of 1913) এর বিধান অনুযায়ী বকেয়া ভূমি রাজস্ব যে পদ্ধতিতে আদায় করা হয় সেই পদ্ধতিতে আদায়যোগ্য হবে (ধারা-২৭ এর ৪)।

তথ্য কমিশনের সিদ্ধান্তের বিরুদ্ধে আদালতে মামলা করা যাবে কিনা?

এই আইনের অধীন কোন কার্য, গৃহীত কোন ব্যবস্থা, প্রদত্ত কোন আদেশ বা নির্দেশের বৈধতা সম্পর্কে, আপীল কর্তৃপক্ষের নিকট আপীল বা তথ্য কমিশনের নিকট অভিযোগ দায়ের ব্যতীত, কোন আদালতে কোন প্রশ্ন উত্থাপন করা যাবে না (ধারা-২৯)।

তথ্য প্রদানে কোন কোন সংস্থাকে অব্যাহতি দেওয়া হয়েছে, এদের কাছ থেকে কি জনগণ কি কোন তথ্যই পাবেন না?

রাষ্ট্রীয় নিরাপত্তা ও গোয়েন্দা কার্যে নিয়োজিত সংস্থা বা প্রতিষ্ঠানের ক্ষেত্রে এই আইন প্রযোজ্য হবে না। উক্ত সংস্থা বা প্রতিষ্ঠানের কোন তথ্য দুর্নীতি বা মানবাধিকার লংঘনের ঘটনার সাথে জড়িত থাকলে এই ধারা প্রযোজ্য হবে না। তথ্য প্রাপ্তির জন্য কোন অনুরোধ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট সংস্থা বা প্রতিষ্ঠান তথ্য কমিশনের অনুমোদন গ্রহণ করে অনুরোধ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অনুরোধকারীকে উক্ত তথ্য প্রদান করবে (ধারা-৩২)।

‘তথ্য অধিকার আইন, ২০০৯’ এর প্রাধান্য কি?

প্রচলিত অন্য কোন আইনের তথ্য প্রদান সংক্রান্ত বিধানাবলী এই আইনের বিধানাবলী দ্বারা ক্ষুণ্ণ হবে না এবং তথ্য প্রদানে বাধা সংক্রান্ত বিধানাবলী এই আইনের বিধানাবলীর সাথে সাংঘর্ষিক হলে, এই আইনের বিধানাবলী প্রাধান্য পাবে (ধারা-৩)।

বিঃ দ্রঃ এই পুস্তিকা পাঠে কোন অসংগতি পরিলক্ষিত হলে ‘তথ্য অধিকার আইন, ২০০৯’ এর মূল বাংলা পাঠটি প্রাধান্য পাবে।

প্রস্তুতকরণে-

তথ্য কমিশন বাংলাদেশ

প্রত্নতত্ত্ব ভবন (তৃতীয় তলা)

এফ ৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

তৃতীয় অংশ

সূচী	পৃষ্ঠা নং
১। তথ্য অধিকার আইন বাস্তবায়নকল্পে গ্রহীত পদক্ষেপসমূহ	
* প্রধান তথ্য কমিশনার কর্তৃক গ্রহীত পদক্ষেপসমূহ	৭৩
* প্রাক্তন প্রধান তথ্য কমিশনার কর্তৃক গ্রহীত পদক্ষেপসমূহ	৭৪
* তথ্য কমিশনারদ্বয় কর্তৃক গ্রহীত পদক্ষেপসমূহ	৭৫-৭৭
* তথ্য কমিশনের সচিব কর্তৃক গ্রহীত পদক্ষেপসমূহ	৭৮-৭৯
* তথ্য কমিশনে প্রাপ্ত অভিযোগ ও আবেদনের ওপর গ্রহীত পদক্ষেপ	৮০
* তথ্য অধিকার বাস্তবায়নের চ্যালেঞ্জসমূহ	৮০
* তথ্য কমিশন কর্তৃক জনঅবহিতকরণ সংক্রান্ত লিফলেট	৮১-৮২

প্রধান তথ্য কমিশনার কর্তৃক “তথ্য অধিকার আইন, ২০০৯”

বাস্তবায়নকল্পে গ্রহীত পদক্ষেপঃ

সাবেক রাষ্ট্রদূত ও সচিব জনাব মোহাম্মদ জমির গত ৩১ মার্চ, ২০১০ খ্রিঃ তারিখে প্রধান তথ্য কমিশনার হিসেবে দায়িত্ব গ্রহণের পর ১০ জুন, ২০১০ পর্যন্ত নিম্নলিখিত পদক্ষেপসমূহ গ্রহণ করেছেন

- “তথ্য অধিকার আইন, ২০০৯” সুস্পষ্টভাবে সকল শ্রেণীর জনগণকে বুঝিয়ে দেওয়ার জন্য তিনি প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাথে সাক্ষাৎকার ও টকশোতে অংশ গ্রহণ করেছেন- যেমন- “নিউজ টুডে”, “নিউ এইজ”, “মিডিয়া ওয়াচ”, “সমকাল”, “দি ইনডিপেন্ডেন্ট”, “যায়যায় দিন”, “যুগান্তর”, “সংবাদ”, “আমাদের সময়”, “আইস টুডে”, “আরটিভি”, “ইটিভি”, “এটিএন”, “এনটিভি”, “বিটিভি” প্রভৃতি।
- তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধানাবলীর উপর তিনি বিআইআইএসএস, ন্যাশনাল ডিফেন্স কমান্ড কলেজ, বিআইডিএস, জাতি প্রভৃতি প্রতিষ্ঠানে গুরুত্বপূর্ণ আলোচনায় অংশ গ্রহণ করেন।
- আরটিআই এ্যাক্ট, ২০০৯ এর ব্যাখ্যা বিশেষণ এবং বাংলাদেশে এর বাস্তবভিত্তিক প্রয়োগে তিনি জার্মান, সুইডেন, দক্ষিণ কোরিয়া, ভারত, সিঙ্গাপুর, কুয়েত, কানাডা, যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যের প্রভৃতি দেশের রাষ্ট্রদূতগণের সঙ্গে বৈঠকে মিলিত হন।
- তথ্য কমিশনের স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী কর্মপরিকল্পনা গ্রহণের বিষয়ে ইউএনডিপি, ইউরোপিয়ান ইউনিয়ন, ওয়ার্ল্ড ব্যাংক, এডিবি প্রভৃতি আন্তর্জাতিক দাতা সংস্থার সাথে দ্বিপাক্ষিক বৈঠকে তিনি অংশ গ্রহণ করেন।
- তথ্য অধিকার আইন সম্পর্কে বিভিন্ন বেসরকারী সংস্থা ও এনজিওদের সঙ্গে বিভিন্ন বিষয়ে আলোচনা হয়েছে- যেমন- “মানুষের জন্য ফাউন্ডেশন”, “এমআরডিআই”, “রিসার্চ ইনশিয়েটিভ অব বাংলাদেশ”, “আর্টিকেল-১৯”, “ব্র্যাক” প্রভৃতি।
- সংবাদ সংস্থা বিশেষ করে “বিবিসি”, “ভোয়া”, “বিডি-২৪”, “বিএসএস” প্রভৃতির সাথে ‘তথ্য অধিকার আইন, ২০০৯’ বাস্তবায়নকল্পে বিস্তারিত আলাপ-আলোচনায় তিনি অংশ গ্রহণ করেন।
- তিনি তথ্য অধিকার সঠিক ভাবে বাস্তবায়নের জন্য পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, গণপূর্ত ও গৃহায়ণ মন্ত্রণালয়, সংস্থাপন মন্ত্রণালয়, পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, এলজিইডি, ইসলামিক ফাউন্ডেশন, ইনস্টিটিউট অব মাইক্রোফাইন্যান্স প্রভৃতির সঙ্গে বিভিন্ন সভায় অংশ গ্রহণ করেন।
- এছাড়াও সমগ্রদেশে ‘তথ্য অধিকার আইন, ২০০৯’ বাস্তবায়নের জন্য সকল জেলা প্রশাসকগণকে চিঠি প্রেরণ করা হয়েছে। উক্ত পত্রে তাঁদের মাধ্যমে এ আইনের প্রেক্ষিতে ইতোমধ্যে যে সকল পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, তা আগামী ১৫ জুলাই, ২০১০ খ্রিঃ তারিখের মধ্যে তথ্য কমিশনকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়েছে।

সাবেক প্রধান তথ্য কমিশনার ও সচিব জনাব এম. আজিজুর রহমান কর্তৃক
“তথ্য অধিকার আইন, ২০০৯” বাস্তবায়নকল্পে গৃহীত পদক্ষেপ সমূহ।
(২ জুলাই, ২০০৯ - ১০ জানুয়ারী, ২০১০)

- জনাব এম. আজিজুর রহমান ২ জুলাই, ২০০৯ তারিখ প্রধান তথ্য কমিশনার পদে যোগদান করেন;
- কমিশনে যোগদানের পর মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, অর্থ মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রী, আইন ও সংসদ বিষয়ক মন্ত্রী, শিক্ষা মন্ত্রী, তথ্য ও সংস্কৃতি মন্ত্রী ও প্রধানমন্ত্রীর সংস্থাপন মন্ত্রণালয় বিষয়ক উপদেষ্টার সাথে সৌজন্য সাক্ষাত ও তাঁদের অতীব মূল্যবান দিক নির্দেশনা গ্রহণ করেন;
- সর্বোচ্চ অগ্রাধিকারের ভিত্তিতে Office accommodation এর ব্যাপারে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়, তথ্য ও সংস্কৃতি মন্ত্রণালয় ও অন্যান্য সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করেন;
- কমিশনের প্রাতিষ্ঠানিক ও সাংগঠনিক কাঠামো, বিধি ও প্রবিধিনমালা প্রণয়ন, কর্মকর্তা - কর্মচারী ও প্রয়োজনীয় জনবল, যানবাহন ও অফিস সরঞ্জামাদি সংগ্রহ এবং অর্থ বরাদ্দের ব্যাপারে তথ্য মন্ত্রণালয়, সংস্থাপন মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয় এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করেন;
- কুমিল্লা, গাজীপুর, নারায়নগঞ্জ, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর, যশোর, মাগুরা ও নড়াইল জেলায় অনুষ্ঠিত “তথ্য অধিকার আইন, ২০০৯” সম্পর্কে সম্যক ধারণা প্রদান ও জনঅবহিতকরণ সভায় অংশ গ্রহণ করেন। সভায় সরকারী, আধাসরকারী ও স্বায়ত্বশাসিত সংস্থার কর্মকর্তাগণ, এনজিও, মুক্তিযোদ্ধা, সুশীলসমাজ, সাংবাদিক ও নির্বাচিত জনপ্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।
- World Bank (WB), United Nations Development Programme (UNDP), International Press Institute এর প্রতিনিধিবৃন্দ এবং মানুষের জন্য ফাউন্ডেশন, ডি-নেট প্রভৃতি বেসরকারী সংস্থা (এনজিও) এর প্রতিনিধিগণের সাথে মতবিনিময় করেন।
- “তথ্য অধিকার আইন, ২০০৯” এর ১৫ ধারা অনুসারে সাবেক প্রধান তথ্য কমিশনার জনাব এম. আজিজুর রহমান এর কর্মকাল পরিসমাপ্তির পর তিনি গত ১০ জানুয়ারী, ২০১০ তারিখে তথ্য কমিশনার জনাব মোহাম্মদ আবু তাহের এর নিকট দায়িত্বভার হস্তান্তর করেন।

**তথ্য কমিশনার জনাব মোহাম্মদ আবু তাহের কর্তৃক “তথ্য অধিকার
আইন, ২০০৯” বাস্তবায়নকল্পে গৃহীত পদক্ষেপ সমূহ।
(জুলাই, ২০০৯ - জুন, ২০১০)**

- ❖ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক সচিব জনাব মোহাম্মদ আবু তাহের ২ জুলাই, ২০০৯ তারিখ তথ্য কমিশনার পদে যোগদান করেন;
- ❖ কমিশনে যোগদানের পর মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, অর্থ মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রী, আইন ও সংসদ বিষয়ক মন্ত্রী, শিক্ষা মন্ত্রী, তথ্য ও সংস্কৃতি মন্ত্রী ও প্রধানমন্ত্রীর সংস্থাপন মন্ত্রণালয় বিষয়ক উপদেষ্টার সাথে সৌজন্য সাক্ষাত ও তাঁদের অতীব মূল্যবান দিক নির্দেশনা গ্রহণ করেন;
- ❖ সর্বোচ্চ অগ্রাধিকারের ভিত্তিতে Office accommodation এর ব্যাপারে সাবেক প্রধান তথ্য কমিশনারসহ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়, তথ্য ও সংস্কৃতি মন্ত্রণালয় ও অন্যান্য সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করেন;
- ❖ কমিশনের প্রাতিষ্ঠানিক ও সাংগঠনিক কাঠামো, বিধি ও প্রবিধিমালা প্রণয়ন, কর্মকর্তা - কর্মচারী ও প্রয়োজনীয় জনবল, যানবাহন ও অফিস সরঞ্জামাদি সংগ্রহ এবং অর্থ বরাদ্দের ব্যাপারে তথ্য মন্ত্রণালয়, সংস্থাপন মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয় ও আইন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করেন;
- ❖ কুমিল্লা, গাজীপুর, নারায়নগঞ্জ, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, শরিয়তপুর, মাদারীপুর, যশোর, মাগুরা ও নড়াইল জেলায় অনুষ্ঠিত তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কে সম্যক ধারণা প্রদান ও জনঅবহিতকরণ সভায় অংশ গ্রহণ করেন। সভায় সরকারী, আধাসরকারী ও স্বায়ত্বশাসিত সংস্থার কর্মকর্তাগণ, এনজিও, মুক্তিযোদ্ধা, সুশীলসমাজ, সাংবাদিক ও নির্বাচিত জনপ্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।
- ❖ World Bank (WB), United Nations Development Programme (UNDP), International Press Institute এর প্রতিনিধিবৃন্দ এবং মানুষের জন্য ফাউন্ডেশন; ডি-নেট, কমিউনিটি রেডিও নেটওয়ার্ক, নাগরিক উদ্যোগ প্রভৃতি বেসরকারী সংস্থা (এনজিও) এর প্রতিনিধিগণের সাথে মতবিনিময় কালে অংশ গ্রহণ এবং কমিশনের স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা নিয়ে আলোচনা করেন;
- ❖ তথ্য অধিকার আইন, ২০০৯ এর ১৫ ধারা অনুসারে সাবেক প্রধান তথ্য কমিশনার জনাব এম. আজিজুর রহমান এর কর্মকাল পরিসমাপ্তির পর বিগত ১০ জানুয়ারী, ২০১০ তারিখে জনাব তাহের ভারপ্রাপ্ত প্রধান তথ্য কমিশনার হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। প্রায় ৩ (তিন) মাস তিনি উক্ত দায়িত্ব পালন করেন;
- ❖ ভারপ্রাপ্ত প্রধান তথ্য কমিশনার হিসেবে দায়িত্ব পালনকালীন সময়ে তথ্য কমিশনের সাংগঠনিক কাঠামো, জনবল, বিধি ও প্রবিধিমালা অনুমোদনের বিষয়ে তিনি তথ্য মন্ত্রণালয়, সংস্থাপন মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয় ও অন্যান্য সংস্থা/প্রতিষ্ঠানের সাথে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেন;
- ❖ তথ্য কমিশনের স্থায়ী অফিসের জন্য জমি বরাদ্দের ব্যাপারে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করেন। ইতোমধ্যে আগারগাঁও প্রশাসনিক এলাকায় তথ্য কমিশনের নামে সরকার কর্তৃক ১ (এক) বিঘা জমি বরাদ্দ করা হয়েছে।

- ❖ তথ্য অধিকার আইন, ২০০৯ এর প্রচারণার অগ্রগতি বিষয়ে ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী বিভাগের বিভাগীয় কমিশনার এবং কুমিল্লা, ঢাকা, চট্টগ্রাম, যশোর, ফরিদপুর, রাজবাড়ী, হবিগঞ্জ ও গোপালগঞ্জ এর জেলা প্রশাসকগণের সাথে যোগাযোগ করেন;
- ❖ ঢাকা বিভাগীয় কমিশনার এর সম্মেলন কক্ষে বিভাগীয় পর্যায়ে সর্বপ্রথম মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সরকারী ও স্বায়ত্বশাসিত সংস্থার কর্মকর্তাগণ, বেসরকারী সংস্থা (এনজিও), প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। তথ্য অধিকার আইন, ২০০৯ এর উপর তিনি সবিস্তারে আলোচনা ও মতবিনিময় করেন;
- ❖ সরকারী, আধাসরকারী ও স্বায়ত্বশাসিত সংস্থার কর্মকর্তাগণ, এনজিও বিষয়ক প্রশিক্ষণ একাডেমীতে প্রশিক্ষার্থী কর্মকর্তা ও প্রতিনিধিদের সাথে তথ্য অধিকার আইন, ২০০৯ এর প্রয়োগ ও বিধি-বিধান নিয়ে মতবিনিময় করেন;
- ❖ ৩০ মে, ২০১০ তারিখে জাতীয় প্রেস ক্লাবে রিসার্চ ইনিশিয়েটিভ অব বাংলাদেশ (আরআইবি) কর্তৃক আয়োজিত “বাংলাদেশ তথ্য অধিকার আইন প্রয়োগে প্রান্তিক জনগোষ্ঠির অভিজ্ঞতা” শীর্ষক কর্মশালায় অংশগ্রহণ ও মতবিনিময় করেন;
- ❖ ২৪ জুন, ২০০৯ তারিখে কুমিল্লা সদর আদর্শ উপজেলায় উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত সর্বপ্রথম জনঅবহিতকরণ সভায় অংশ গ্রহণ করেন। সরকারী কর্মকর্তাগণসহ সমাজের সর্বস্তরের প্রতিনিধিবৃন্দ সভায় উপস্থিত ছিলেন। তথ্য অধিকার আইন, ২০০৯ এবং বিধি-বিধান নিয়ে তিনি সভায় আলোচনা করেন।

তথ্য কমিশনার অধ্যাপক ড. সাদেকা হালিম (সমাজ বিজ্ঞান বিভাগ, ঢা. বি. বর্তমানে প্রেষণে)
কর্তৃক 'তথ্য অধিকার আইন, ২০০৯' বাস্তবায়নকল্পে গৃহীত পদক্ষেপ সমূহ :
(জুলাই, ২০০৯ থেকে ২৪ জুন, ২০১০ খ্রিঃ পর্যন্ত) :

- 'তথ্য অধিকার আইন, ২০০৯' বাস্তবায়নকল্পে তিনি যথাক্রমে কুমিল্লা, গাজীপুর, নারায়ণগঞ্জ, মানিকগঞ্জ, ফরিদপুর, মাগুরা, যশোর, নড়াইল, গোপালগঞ্জ, মাদারীপুর, খাগড়াছড়ি, নাটোর, সিরাজগঞ্জ, বরিশাল, মৌলভীবাজার, হবিগঞ্জ, ঢাকা, চুয়াডাঙ্গা, মেহেরপুর, কুষ্টিয়া, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জসহ ২২টি জেলায় তথ্য অধিকার আইনের বিধানাবলী সম্পর্কে জনঅবহিতকরণ ও মতবিনিময় কর্মসূচী সফলভাবে পরিচালনা করেন।
- 'তথ্য অধিকার আইন, ২০০৯' এর প্রচার ও প্রসারকল্পের ধারাবাহিকতায় তিনি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাথে বিভিন্ন সাক্ষাৎকার ও টকশোতে অংশগ্রহণ করেছেন। যেমন- 'প্রথম আলো', 'কালের কণ্ঠ', 'সমকাল', 'যুগান্তর', 'জনকণ্ঠ', 'আমাদের সময়', 'ডেইলি স্টার', 'দি ইন্ডিপেন্ডেন্ট' এবং 'বিটিভি', 'ইটিভি', 'আরটিভি', 'দেশ টিভি', 'এনটিভি', 'চ্যানেল আই' প্রভৃতি।
- 'তথ্য অধিকার আইন, ২০০৯' এর বিধানবলীর উপর বিভিন্ন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত ও এনজিও বিষয়ক প্রশিক্ষণ একাডেমিগুলোতে প্রশিক্ষণার্থীগণের সঙ্গে মতবিনিময় করেন। যেমন-বিপিএটিসিতে ফাউন্ডেশন কোর্স এবং এসিএডি কোর্স, ডিডেকটিভ ট্রেনিং স্কুলে পুলিশ ইন্সপেক্টরদের ট্রেনিং কোর্স, এনডিসি, এমআরডিআই আয়োজিত সাংবাদিক প্রশিক্ষণ কোর্স, 'মানুষের জন্য ফাউন্ডেশন' আয়োজিত প্রশিক্ষণ প্রভৃতি।
- 'তথ্য অধিকার আইন, ২০০৯' এর বিধিমালা, প্রবিধানমালা, নিয়োগ বিধিমালা, কেন্দ্রীয় প্রশিক্ষণ ম্যানুয়েল প্রভৃতির সুষ্ঠু বাস্তবায়নের জন্য তথ্য মন্ত্রণালয়, সংস্থাপন মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা ও আলাপ-আলোচনা এবং এর সুষ্ঠু বাস্তবায়নকল্পে স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী কর্মপরিকল্পনা গ্রহণ করার ব্যাপারে ওয়ার্ল্ড ব্যাংক, ইউএনডিপি, এডিবি, ইউনিসেফ, ইন্টারনেশনাল প্রেস ইন্সটিটিউট ও জাতিসংঘের আবাসিক প্রতিনিধিবৃন্দের সঙ্গে ফলপ্রসূ বৈঠকে অংশগ্রহণ করেন।
- 'তথ্য অধিকার আইন, ২০০৯' এর বাস্তবায়নকল্পে বিভিন্ন গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে বিভিন্ন NGO যেমন- 'মানুষের জন্য ফাউন্ডেশন', 'এমআরডিআই', 'রিসার্চ ইনিসিয়েটিভ অব বাংলাদেশ', 'আর্টিকেল-১৯', 'কমিউনিটি রেডিও', 'ইন্টার-কোঅপারেশন', 'Empowerment through Law of the Common Pople', 'নাগরিক উদ্যোগ', 'আরডিআরএসএস', 'গভর্নেন্স এডভোকেসি ফোরাম', 'ব্রাক', 'গণস্বাক্ষরতা অভিযান', 'আইন ও শালিস কেন্দ্র', 'আদিবাসী পরিষদ', 'উন্নয়ন কথা', 'Centre for informantation studies এবং জাতিসংঘ কর্তৃক তথ্য স্বাক্ষরতা 'মানবাধিকার আইনজীবী পরিষদ, কুষ্টিয়া' 'সুজন কর্তৃক আয়োজিত পাবলিক বিশ্ববিদ্যালয়ের ছাত্র রাজনীতি' প্রভৃতির সাথে 'তথ্য অধিকার আইন, ২০০৯' বাস্তবায়নকল্পে অবহিতকরণ ও মতবিনিময় করেন।
- 'তথ্য অধিকার আইন, ২০০৯' বাস্তবায়ন ও জনগণের তথ্যের অধিকার নিশ্চিত করণকল্পে তথ্য মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়, নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সংসদীয় স্থায়ী কমিটি, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, কম্পিউটার কাউন্সিল, সংস্থাপন মন্ত্রণালয়, জনতা ব্যাংক প্রভৃতির সঙ্গে মিটিং এ অংশগ্রহণ করেন।
- গত ২৭ এপ্রিল, ২০১০ খ্রিঃ তারিখে ভারতের নয়াদিল্লীতে অনুষ্ঠিত 'Towards More Open and Transparent Government in South Asia' শীর্ষক Regional Workshop এ অংশগ্রহণ করে স্বাঅজস্র ভুক্তদেশের প্রতিনিধিদের সঙ্গে তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিষয়বস্তুর পাশাপাশি বাংলাদেশের গণতন্ত্র, সুশাসন, স্বচ্ছতা ও জবাবদিহিতা সম্পর্কে মতবিনিময় ও অভিজ্ঞতা সঞ্চয় করেন।

তথ্য কমিশনের সচিব জনাব নেপাল চন্দ্র সরকার কর্তৃক 'তথ্য অধিকার আইন, ২০০৯' বাস্তবায়নকল্পে এবং প্রশাসনিক কর্মকাণ্ড সম্পাদনকল্পে গৃহীত পদক্ষেপসমূহ :

- * গত ২৮.১০.২০০৯ তারিখে সরকারের অতিরিক্ত সচিব জনাব নেপাল চন্দ্র সরকার তথ্য কমিশনের সচিব হিসেবে যোগদান করেন।
- * তিনি 'তথ্য অধিকার আইন' বাস্তবায়নকল্পে মন্ত্রিপরিষদ সচিব, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, বিভিন্ন মন্ত্রণালয়ের সচিবগণের সহযোগিতা কামনা করে পত্র প্রেরণ করেন। এর প্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে দেশের সকল জেলা প্রশাসককে নির্দেশনা দেয়া হলে জেলা প্রশাসকগণ আইনটির বাস্তবায়নে উদ্যোগী হয়েছেন।
- * জনগণের তথ্য প্রাপ্তির অধিকার বাস্তবায়নকল্পে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করার জন্য তিনি সকল মন্ত্রণালয়কে অনুরোধ জানিয়ে অধীনস্থ কর্তৃপক্ষগুলোকে নির্দেশনা প্রদানের অনুরোধ জানিয়েছেন।
- * তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নকল্পে তিনি সকল জেলা প্রশাসককে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ নিশ্চিত করে তথ্য কমিশনকে অবহিত করার অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করেছেন। ইতিমধ্যে প্রায় ৪,৫০০ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবীসহ চাহিত তথ্যাদি কমিশনে পাওয়া গেছে। আশা করা যায় চলতি বছরের শেষ অবধি প্রায় ৫০,০০০ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্যাদি কমিশন প্রাপ্ত হবে।
- * 'তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নকল্পে তিনি বিভিন্ন জেলার জেলা প্রশাসকগণের সাথে আলোচনা করে সংশ্লিষ্ট জেলাসমূহে জনঅবহিতকরণ সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করেন।
- * 'তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নকল্পে তিনি নরসিংদী জেলায় আয়োজিত জনঅবহিতকরণ সভায় অংশগ্রহণ করে আইনটির লক্ষ্য, উদ্দেশ্য, আইনগত ও প্রায়োগিক দিক বিশ্লেষণ করেন এবং অনুষ্ঠানে আগত ব্যক্তিবর্গের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।
- * তিনি গত ২৯ মার্চ, ২০১০ তারিখে জাতীয় প্রেস ক্লাবে মানুষের জন্য ফাউন্ডেশন কর্তৃক আয়োজিত 'তথ্য অধিকার বাস্তবায়নের ১ বছর' উপলক্ষে আয়োজিত সভায় যোগদান করে আলোচনায় অংশগ্রহণ করেন।
- * বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজিত বিভিন্ন সভায় অংশগ্রহণ করে 'তথ্য অধিকার আইন, ২০০৯ এর উপর একটি প্রশিক্ষণ মডিউল তৈরীতে সহায়তা করেন।
- * তিনি বিপিএটিসি এবং কুমিল্লা পল্লী উন্নয়ন একাডেমীতে বিভিন্ন ক্যাডার সদস্যদের তথ্য অধিকার আইন বিষয়ক প্রশিক্ষণ পরিচালনা করেন।
- * নিজস্ব ভবন না থাকায় তথ্য কমিশনের অস্থায়ী কার্যালয় জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটে চালু করা হয় এবং এর জন্য একটি উপযুক্ত স্থান/ ভবন খুঁজে বের করার পরিকল্পনা নেয়া হয়।
- * তথ্য মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সচিবগণের আন্তরিক সহযোগিতায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়াদীন প্রত্নতত্ত্ব অধিদপ্তরের ৩য় তলায় একটি ফ্লোর ভাড়া নেয়ার পরিকল্পনা গ্রহণ করা হয় এবং এজন্য তিনি সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় এবং অধিদপ্তরের সাথে যোগাযোগ রক্ষা করেন। অবশেষে তথ্য মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, তথ্য কমিশন এবং প্রত্নতত্ত্ব অধিদপ্তর সমন্বয়ে অনুষ্ঠিত সভায় ভাড়া চুক্তি চূড়ান্ত করা হয়। সরকারী অর্থ বরাদ্দ দ্বারা ইতিমধ্যে গণপূর্ত অধিদপ্তর উক্ত ফ্লোরটিকে অফিসে রূপান্তর করায় গত ০৩/০১/২০১০ তারিখে তথ্য কমিশনের অস্থায়ী কার্যালয় প্রত্নতত্ত্ব ভবনে স্থানান্তর করা হয়।

* তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নকল্পে তথ্য কমিশনের টিওএন্ডই অনুমোদনের নিমিত্ত তিনি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেন। ইতোমধ্যে তথ্য কমিশনের জন্য ৭৬ জন জনবল সমৃদ্ধ টিওএন্ডই সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে এবং তথ্য কমিশনের অফিস সরঞ্জামাদি ও যানবাহন সংক্রান্ত প্রজ্ঞাপন জারী হয়েছে। তবে ৭৬ জন জনবল সম্বলিত প্রজ্ঞাপন জারীর বিষয়টি তথ্য মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে। এজন্য খসড়া নিয়োগ বিধি প্রণয়ন করে অনুমোদনের নিমিত্ত মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

* তথ্য কমিশনের নিজস্ব ভবন নির্মাণকল্পে গৃহীত পদক্ষেপগুলোর প্রেক্ষিতে তথ্য কমিশনের জন্য আগারগাঁও প্রশাসনিক এলাকায় ১ বিঘা (৩৩ শতাংশ) জমি বরাদ্দ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। জমি বরাদ্দ প্রাপ্তির পর নিজস্ব ভবন নির্মাণ পরিকল্পনা বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হবে।

* কমিশন ইতোমধ্যে অত্যন্ত সীমিত জনবলের দ্বারা প্রায় দুই হাজার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্যাদি ডাটাবেজে অর্ন্তভুক্ত করেছে।

* কমিশন শীঘ্রই দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের কেন্দ্রীয়ভাবে এবং জেলা পর্যায়ে প্রশিক্ষণের কর্মসূচী গ্রহণ করবে।

* তথ্য কমিশন ইতোমধ্যে প্রধান তথ্য কমিশনারের জন্য একটি জীপ গাড়ী এবং চারটি সিডান কার সংগ্রহ করেছে।

* তথ্য কমিশন এর জন্য প্রয়োজনীয় আসবাবপত্র এবং অফিস সরঞ্জামাদি সংগ্রহ কার্যক্রম শুরু করেছে এবং চলতি জুন, ২০১০ মাসের মধ্যে তা সম্পাদিত হবে বলে আশা করেছে।

* কমিশন জুলাই, ২০১০ মাসের মধ্যেই কমিশনের নিজস্ব ওয়েব সাইট/পোর্টাল চালু করার কার্যক্রম হাতে নিয়েছে। ইতোমধ্যে ডোমেইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদিত হয়েছে। তথ্য কমিশনের ওয়েব সাইট এড্রেস infocom.gov.bd.

* এছাড়াও তথ্য কমিশন তথ্য অধিকার আইন, এতদসংশ্লিষ্ট বিভিন্ন প্রশ্ন ও উত্তর এবং বাস্তবায়নের অগ্রগতি সম্বলিত একটি পুস্তিকা প্রকাশ করার উদ্যোগ নিয়েছে। এই পুস্তিকাটি প্রকাশের পর বিভিন্ন সরকারী/বেসরকারী অফিসে প্রেরণ করা হবে এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মধ্যে প্রশিক্ষণকালে প্রদান করা হবে বলে কমিশন অভিমত প্রকাশ করেছে।

তথ্য কমিশনে প্রাপ্ত অভিযোগ ও আবেদনের ওপর গৃহীত পদক্ষেপ :

০১। ২৫ ফেব্রুয়ারী, ২০১০ তারিখে বেলা কর্তৃক দাখিলকৃত একটি অভিযোগ পাওয়া যায়। বেলার পক্ষ থেকে বাংলাদেশ তৈরী পোশাক প্রস্তুত ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ) ভবন নির্মাণ অনুমোদন সম্পর্কিত তথ্য জানতে চেয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, রাজউক; চেয়ারম্যান, রাজউক এবং সচিব, গ্রহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় এর নিকট আবেদন দাখিল করার পরও তথ্য না পাওয়ায় তথ্য কমিশনে এ অভিযোগটি দায়ের হয়। উক্ত অভিযোগের প্রেক্ষিতে তথ্য কমিশন থেকে চেয়ারম্যান, রাজউক এবং সচিব গ্রহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় এর নিকট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম পদবীসহ তথ্যাদি জানতে চাওয়া হলে চাহিত তথ্য পাওয়া গেছে। তৎপর তথ্য কমিশন থেকে অভিযোগের বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবহিত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার অনুরোধ জানানো হয়েছে। অদ্যাবধি মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কার্যক্রম তথ্য কমিশনকে জানানো হয়নি।

০২। মোঃ এনামুল কবির হাওলাদার, আয়কর উপদেষ্টা কর্তৃক সমবায় অধিদপ্তর এর বিরুদ্ধে একটি অভিযোগ পাওয়া যায়। এ অভিযোগটি তথ্য কমিশনের গত ২২.০৬.২০১০ তারিখের সভায় আলোচিত হয়েছে এবং অভিযোগের বিষয়ে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট যথাযথ ব্যাখ্যা চাওয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে। ব্যাখ্যা প্রাপ্তির পর প্রয়োজনীয় গুনানীঅন্তে বিষয়টি নিষ্পত্তি করা হবে।

০৩। এছাড়াও দেশের বিভিন্ন অঞ্চলে তথ্য প্রাপ্তির জন্য আগ্রহী জনগণ সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট তথ্য চেয়ে দাখিলকৃত আবেদনের কপি তথ্য কমিশনে প্রেরণ করেছে। এর মধ্যে ২২টি আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থাকে তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধান মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেওয়া হয়েছে।

তথ্য অধিকার বাস্তবায়নের চ্যালেঞ্জসমূহ :

- তথ্য গ্রহণকারী এবং প্রদানকারী দুই ক্ষেত্রেই তথ্য প্রযুক্তির সংযোগ (এক্সেস) এখনও খুবই নগন্য হওয়ায় ইহা সবচেয়ে বড় প্রতিবন্ধকতা হিসেবে প্রতীয়মান হচ্ছে।
- তথ্য প্রদানের ক্ষেত্রে ডিজিটাল মাধ্যমে তথ্য সংরক্ষণ নিশ্চিতকরণ একটি পূর্বশর্ত। বর্তমানে সরকারী, বেসরকারী সকল প্রতিষ্ঠানে তথ্য সংরক্ষণের ডিজিটাল পদ্ধতি এখনও গ্রহণ না করায় তথ্যের প্রদানে প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে।
- সরকারী বেসরকারী সকল প্রতিষ্ঠানে নিয়োগকৃত তথ্য প্রদানকারী কর্মকর্তা স্বপদে স্থায়ী না হওয়ায় তাঁকে প্রদান করা প্রশিক্ষণ অনেক সময় স্থায়ীভাবে কাজে লাগছে না।
- তথ্য প্রদান ও গ্রহণে আগ্রহ সৃষ্টি; এক্ষেত্রে প্রশাসনের জবাবদিহিতা নিশ্চিতকরণ।
- প্রান্তিক/গ্রামীণ ও আদিবাসী জনগোষ্ঠি; যারা তাদের অধিকার সম্পর্কে ওয়াকিবহাল নন, তাদেরকে তাদের অধিকার সম্পর্কে সচেতন করা। তথ্য অধিকার আইন ব্যবহারে উদ্বুদ্ধ করা।
- তথ্য সংরক্ষণ, তথ্য প্রযুক্তির প্রয়োগ ব্যতীত নতুন, পুরানো সব ধরনের তথ্য সংরক্ষণ প্রায় অসম্ভব। তথ্য প্রযুক্তির সংরক্ষণ ব্যয় অনেক বেশী। উন্নয়নশীল দেশ হিসেবে বাংলাদেশেও এ বাধা মোকাবেলায় আরো কিছু সময় প্রয়োজন।
- স্বেচ্ছাপ্রদেহিত তথ্য প্রকাশে উদ্বুদ্ধকরণঃ প্রতিটি কর্তৃপক্ষের উচিত ভালমন্দ সব তথ্যই উৎপত্তির সাথে সাথে স্ব-উদ্যোগে প্রকাশ করা।
- দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব পালনের জন্য তাদেরকে প্রশিক্ষণ দিতে হবে যাতে তথ্যের আবেদন যাচাই বাছাই করার সামর্থ্য তারা অর্জন করতে পারে এবং আবেদনকারীর অনুরোধকৃত তথ্য সঠিকভাবে প্রদান করতে পারে।
- কর্তৃপক্ষের দায়িত্ব : কর্তৃপক্ষের দৃষ্টি ভঙ্গির ওপর নির্ভর করছে তথ্য অধিকার আইন কতটুকু কার্যকর হবে। স্বতঃপ্রবৃত্তি হয়ে তথ্য প্রদানের আবহ সৃষ্টি করতে হবে। তথ্য অধিকার আইন বাস্তবায়নে তথ্য প্রদান ইউনিট ও কর্তৃপক্ষের ভূমিকাই মুখ্য।
- তথ্য অধিকার আইনকে তৃণমূলমুখী করা : তথ্য অধিকার আইনের মূল লক্ষ্য বঞ্চনা ও হতাশায় ভরা জনগোষ্ঠিকে জাগ্রত করা এবং তাদের আত্মনির্ভর হওয়ার প্রেরণা সঞ্চার করা। তথ্যের জন্য আবেদনকারী অর্থাৎ জনগণ যাতে চাহিত তথ্য দ্রুত পেতে পারে সে লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
- তথ্য কমিশন : এসকল চ্যালেঞ্জ মোকাবেলায় কমিশনকে অত্যন্ত তৎপর হতে হবে। প্রয়োজনে বিভাগেও শাখা স্থাপন করতে হবে।

Bangladesh



জনঅবহিতকরণ সম্পন্ন হয়েছে এরূপ জেলাসমূহ :

কুমিল্লা, মুন্সিগঞ্জ, ফরিদপুর, নড়াইল, গাজীপুর, মানিকগঞ্জ, মাগুড়া, গোপালগঞ্জ, নারায়নগঞ্জ, রাজবাড়ী, খাগড়াছড়ি, যশোর, মাদারীপুর, নরসিংদী, নাটোর, সিরাজগঞ্জ, রংপুর, বগুড়া, হবিগঞ্জ, মৌলভীবাজার, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, মেহেরপুর, চাপাইনবাবগঞ্জ, নওগাঁ। এছাড়াও বিভাগীয় পর্যায়ে ঢাকা বিভাগ এবং উপজেলা পর্যায়ে কুমিল্লা সদর উপজেলা।

প্রিন্ট মিডিয়ার সাথে সাক্ষাৎকার :

- “নিউজ টুডে”, “নিউ এইজ”, “মিডিয়া ওয়াচ”, “সমকাল”, “দি ইনডিপেন্ডেন্ট”, “যায়যায় দিন”, “যুগান্তর”, “সংবাদ”, “আমাদের সময়”, “প্রথম আলো”, “কালের কণ্ঠ”, “জনকণ্ঠ”, এবং “ডেইলি স্টার”।

ইলেকট্রনিক মিডিয়ার সাথে সাক্ষাৎকার :

- ‘ইটিভি’, ‘আরটিভি’, ‘দেশ টিভি’, ‘এনটিভি’, ‘চ্যানেল আই’ “আইস টুডে”, “আরটিভি”, “ইটিভি”, “এটিএন”, “এনটিভি”, “বিটিভি” প্রভৃতি।
- সংবাদ সংস্থা বিশেষ করে “বাংলাদেশ বেতার”, “বিবিসি”, “ভোয়া”, “বিডি-২৪”, “বিএসএস” প্রভৃতির সাথে তথ্য অধিকার আইন, ২০০৯’ বাস্তবায়নকল্পে বিস্তারিত আলাপ-আলোচনা।

সৌজন্য সাক্ষাৎকার :

- মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, অর্থ মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রী, আইন ও সংসদ বিষয়ক মন্ত্রী, শিক্ষা মন্ত্রী, তথ্য ও সংস্কৃতি মন্ত্রী ও প্রধানমন্ত্রীর সংস্থাপন মন্ত্রণালয় বিষয়ক উপদেষ্টা

বিভিন্ন দেশের রাষ্ট্রদূতগণের সাথে আলোচনা :

- জার্মানী, সুইডেন, দক্ষিণ কোরিয়া, ভারত, সিঙ্গাপুর, কুয়েত, কানাডা, যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য

বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সাথে আলোচনা :

- ইউএনডিপি, ইউরোপিয়ান ইউনিয়ন, ওয়ার্ল্ড ব্যাংক, এডিবি, ওয়ার্ল্ড ব্যাংক, ইউনিসেফ, ইন্টারনেশনাল প্রেস ইনস্টিটিউট প্রভৃতি।

বিভিন্ন বেসরকারী সংস্থার সাথে আলোচনা :

- “মানুষের জন্য ফাউন্ডেশন”, “এমআরডিআই”, “রিসার্চ ইনশিয়েটিভ অব বাংলাদেশ”, “আর্টিকেল-১৯”, “ব্র্যাক” ‘কমিউনিটি রেডিও’, ‘ইন্টার-কোঅপারেশন’, ‘এলকপ’, ‘নাগরিক উদ্যোগ’, ‘আরডিআরএসএস’, ‘গভর্নেন্স এডভোকেসি ফোরাম’, ‘ব্রাক’, ‘গণস্বাক্ষরতা অভিযান’, ‘আইন ও শালিস কেন্দ্র’, ‘আদিবাসী পরিষদ’, ‘উন্নয়ন কথা’, ‘CIS ও UNIC কর্তৃক তথ্য স্বাক্ষরতা’ ‘মানবাধিকার আইনজীবী পরিষদ, কুষ্টিয়া’ প্রভৃতি।

বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থার সাথে আলোচনা :

- পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, গণপূর্ত ও গৃহায়ণ মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, সংস্থাপন মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়, নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, এলজিইডি, ইসলামিক ফাউন্ডেশন, জনতা ব্যাংক ইনস্টিটিউট অব মাইক্রোফাইন্যান্স প্রভৃতি

আঞ্চলিক কর্মশালায় অংশগ্রহণ :

- ভারতের নয়াদিল্লীতে অনুষ্ঠিত ‘Towards More Open and Transparent Government in South Asia’ শীর্ষক Regional Workshop এ অংশগ্রহণ।



তথ্য কমিশন বাংলাদেশ

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

টেলিফোন নম্বরসমূহঃ ৯১১৩৯০০, ৮১৮১২১৮, ৮১৮১২১৭, ৯১১১৫৯০, ৮১৮১২২২, ৮১৮১২১০

৯১৩৭৪৪৯, ৯১১০৬৭৫, ৮১৮১২১১ | ফ্যাক্সঃ ৯১১০৬৩৮, ই-মেইল : cicicbd@yahoo.com